



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

NYC ভোক্তা বিষয়ক অধিদপ্তর (DEPARTMENT OF CONSUMER AFFAIRS, DCA) নিষ্পত্তি

শুনানির পূর্বে আপনার জন্য নিষ্পত্তির পন্থা রয়েছে কী না তা দেখে নিন

শুনানির পরিবর্তে আপনি যদি DCA-এর সাথে কোনো ধরনের নিষ্পত্তি করতে আগ্রহী হন তবে নিষ্পত্তির সম্ভাব্য বিকল্প সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য DCA তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করে। সেটি করার জন্য, আপনাকে অবশ্যই LegalSettlements@dca.nyc.gov ঠিকানায় ইমেইল অথবা বার্তা পাঠাতে হবে এবং তাতে আপনার সমন নম্বর (আপনার সমনের উপরের অংশের ডানদিকে প্রদত্ত) এবং আপনার ব্যবসায়ের নাম উল্লেখ থাকতে হবে।

- এই কাজটি আপনার শুনানির তারিখের কমপক্ষে একদিন পূর্বে করতে হবে তবে শুনানির তারিখের পূর্বে 30 দিনের চেয়ে বেশি সময়ের মধ্যে যেন করা না হয়।
- মনে রাখবেন যে, শুনানির তারিখের দিন আপনি DCA-এর সাথে কোনো ধরনের নিষ্পত্তিতে সম্মতি জানাতে পারবেন না।
- শুনানি শুরু হয়ে যাওয়ার পর, আর কোনো নিষ্পত্তি করা সম্ভব হবে না।
- অতএব, আপনার জন্য কোনো নিষ্পত্তি রয়েছে কি না এবং আপনি তা গ্রহণ করতে চান কি না তা নির্ধারণ করার জন্য পরবর্তী কোনো একটি তারিখে আপনার শুনানির তারিখ পুনঃনির্ধারণ করা আপনাকে সর্বোচ্চ সুবিধা প্রদান করতে পারে (শুনানিতে উপস্থিত না থেকে, কোনো ধরনের অনুমোদন ছাড়া আপনি একবার শুনানির তারিখ পুনঃনির্ধারণ করতে পারেন)।

ইমেইল করুন অথবা বার্তা পাঠান -- DCA-এর অফিসে যাবেন না

নিষ্পত্তি করার কোনো পন্থা আছে কি না তা সন্ধানের জন্য সদর দপ্তরগুলোতে উপস্থিত না হওয়ার জন্য DCA জনগণকে অনুরোধ করে থাকে। শারীরিকভাবে অক্ষম, বাক প্রতিবন্ধী অথবা ফুটপাথে থাকা ক্যাফে মালিকদের জন্য এর ব্যতিক্রম হতে পারে। DCA-এর কাছে ইমেইল/বার্তা প্রেরণের পর, DCA আপনার সমন পর্যালোচনা করবে এবং আপনি কোনো ধরনের নিষ্পত্তির যোগ্য কি না তা ইমেইল/বার্তা প্রেরণের মাধ্যমে আপনাকে অবহিত করবে। যদি আপনি কোনো ধরনের নিষ্পত্তির যোগ্য হন তাহলে DCA থেকে ইমেইল/বার্তার মাধ্যমে আপনি একটি “নিষ্পত্তি চুক্তি” (পেপারওয়ার্ক) পাবেন।

কোনো নিষ্পত্তির সাথে সম্মত হওয়া

একটি নিষ্পত্তি হচ্ছে লক্ষ্যনের জন্য “দোষী” সাব্যস্ত হওয়ার অনুরূপ। যদি ভবিষ্যতে আপনাকে কোনো ধরনের লক্ষ্যনের জন্য উদ্ধৃত করা হয় তবে ভবিষ্যতের লক্ষ্যনটি অন্তত একটি দ্বিতীয় অপরাধ (বার্ষিক জরিমানাসহ) হিসেবে বিবেচিত হবে। যদি নিষ্পত্তির সাথে সম্মত হন তবে শুনানির নির্ধারিত তারিখের কমপক্ষে একটি কর্মদিবসের পূর্বে আপনাকে অবশ্যই নিষ্পত্তি/জরিমানা অর্থ প্রদান করতে হবে। বিলম্বিত নিষ্পত্তির অর্থ DCA গ্রহণ করবে না।

নিষ্পত্তির অর্থ প্রদান

নিষ্পত্তির প্রস্তাবে অর্থ প্রদান সম্পর্কিত বিস্তারিত নির্দেশাবলী অন্তর্ভুক্ত থাকবে। অর্থ প্রদানের পদ্ধতিসমূহ নিম্নরূপ:

- চেক অথবা মানি অর্ডার নিম্নের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করুন: “DCA, Attn: Collections, 42 Broadway, 5th Floor, New York, NY 10004.”
 - অনুগ্রহ করে আপনার সমন নম্বর (আপনার সমনের উপরের অংশে ডানদিকে প্রদত্ত) আপনার চেক বা মানি অর্ডারে লিখুন।
- ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা ইলেক্ট্রনিক চেকের মাধ্যমে অনলাইনে অর্থ প্রদান করুন। অনলাইনে অর্থ প্রদানের ক্ষেত্রে সুবিধা ফি প্রযোজ্য। অনলাইনে অর্থ প্রদানের জন্য, আপনাকে অবশ্যই যা করতে হবে:
 - nyc.gov/mylicense ওয়েবসাইটে যান এবং একটি অ্যাকাউন্টের জন্য নিবন্ধন/সাইন আপ করুন।
 - নীল রঙের *Businesses* - DCA বক্সে যান এবং “আমার অ্যাকাউন্টে প্রবেশ” নির্বাচন করুন।
 - “রেকর্ড তথ্য অনুসারে অনুসন্ধান করুন” অংশে, “রেকর্ড আইডি নম্বর” লিখুন এবং লক্ষ্যনের জন্য অর্থ প্রদান করতে প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করুন।
 - “রেকর্ড আইডি নম্বর” আপনার নিষ্পত্তির প্রস্তাবে পাবেন এবং এতে “[মামলা নম্বর]-[বছর]-[ADJC] উল্লেখ রয়েছে। উদাহরণস্বরূপ, 2019 সালের 123 নম্বর মামলার জন্য রেকর্ড আইডি নম্বর হবে: 123-2019-ADJC.
- ব্যক্তিগতভাবে: নিষ্পত্তির অর্থ প্রদানের জন্য 42 Broadway, 5th Floor, New York, NY 10004 ঠিকানায় অবস্থিত DCA-এর কালেকশন্স ডিভিশনে সোমবার থেকে শুক্রবার সকাল 9:00টা থেকে বিকাল 5:00টা পর্যন্ত সময়ের মধ্যে আপনি যেতে পারেন। বুধবারে, সকাল 8:30 এ কালেকশন্স ডিভিশন খোলা থাকে এবং বিকেল 5:00টায় বন্ধ হয়।